গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
সরকারি কার্যভবন-২(৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম
www.taxeszone3ctg.gov.bd

নথি নংঃ প্রা-(স)-৪১/মাঃ সঃ/কঅ-৩(চট্টঃ)/২০২৫-২০২৬/

তারিখঃ ১২ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয় ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরের ডিসেম্বর/২০২৫ মাস পর্যন্ত সময়ের কর অঞ্চল-৩, চট্টগ্রামের রাজস্ব আহরণ অগ্রগতি ও পর্যালোচনা সভা প্রসঙ্গে।**

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এ কর অঞ্চলের ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল বাস্তবায়ন অগ্রগতি এবং ডিসেম্বর/২০২৫ মাস পর্যন্ত রাজস্ব আহরণ পরিস্থিতি পর্যালোচনার লক্ষ্যে এ কর অঞ্চলের সকল অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, উপ/সহকারী/অতিরিক্ত সহকারী কর কমিশনার এবং কর পরিদর্শকগণের সমন্বয়ে আগামী ২৭/০১/২০২৬ খ্রি. তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষ **"সম্প্রীতি"** তে সম্মানিত **কর কমিশনার জনাব মোঃ মঞ্জুর আলম** মহোদয়ের সভাপতিত্বে মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত হবে।

০২। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত বিষয়সমূহে তাঁদের নিজ নিজ দপ্তরের অগ্রগতির প্রতিবেদনসহ উক্ত রাজস্ব সভায় অংশগ্রহণ এবং অগ্রগতির প্রতিবেদন ২৬/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অত্র কর অঞ্চলের উপকর কমিশনার (সদর দপ্তর টেকনিক্যাল) এর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**৩১ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত**

ক) ডিসেম্বর/২০২৫ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ;
**খ) বকেয়া করের পরিস্থিতি ও আদায় সম্পর্কিত তথ্য;**
**গ) IIC সংশ্লিষ্ট কর মামলা সংক্রান্ত তথ্য;**
ঘ) ২০২৪-২০২৫ করবর্ষের জন্য দাখিলকৃত পেপার রিটার্নের অনলাইন এন্ট্রি সংক্রান্ত;
ঙ) ২০২৪-২০২৫ কর বছরের নন-ফাইলার করদাতা এবং এ সংক্রান্ত সম্পাদিত কার্যক্রম;
চ) বিবিধ।

(মোঃ নাদিম হোসেন)
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
☏: ০২৩৩৩৩২৮৩২৬

নথি নংঃ প্রা-(স)-৪১/মাঃ সঃ/কঅ-৩(চট্টঃ)/২০২৫-২০২৬/ ১৯২৬(০১-০৫)

তারিখঃ ১২ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি (কার্যার্থে) ঃ

১. পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম
২. উপ/সহকারী/অতিরিক্ত সহকারী কর কমিশনার, সার্কেল................................., কর অঞ্চল-৩, চট্টগ্রাম
৩. সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৪. উচ্চমান সহকারী, নেজারত শাখা, কর অঞ্চল-৩, চট্টগ্রাম
৫. অফিস কপি।

(মোঃ নাদিম হোসেন)
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
☏: ০২৩৩৩৩২৮৩২৬